

অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের প্রথম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

আতিকুর রহমান ॥ অষ্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টারের উদ্যোগে গত ১৭ই মে সিডনির ম্যাকুয়ারী ফিল্ড কমিউনিটি হলে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। গত বৎসর এপ্রিলে সংগঠনটি পূর্ণাঙ্গরূপে আত্মপ্রকাশ করার পর এবারই প্রথম সাধারণ সভা অনুষ্ঠিত হল। আত্মপ্রকাশ করার পর থেকে সংগঠনটি লাইলাতুল কদর, শ' বে মেরাজ, ঈদুল ফিতর ও ঈদুল আজহার জামাত, কুরবানীর ব্যবস্থা, ঈদে মিলাদুলন্নবী সহ বিভিন্ন ইসলামিক প্রোগ্রামগুলি অত্যন্ত গুরুত্বসহকারে পালন করেছে। ফলে অতি অল্প সময়ে মধ্যেই এই এলাকায় বসবাসরত বাংলাদেশী কমিউনিটির মধ্যে ব্যাপক সাড়া জাগাতে সক্ষম হয়েছে।

বার্ষিক সাধারণ সভার সভাপতিত্ব করেন সেফটন মসজিদের প্রাক্তন ইসলামিক এডভাইজার, পেশ ইমাম এবং বিশিষ্ট ইসলামিক চিন্তাবিদ এবং সংগঠনের সভাপতি ড. আবু ওমর ফারুক আহম্মদ। সুচারুভাবে সভার পরিচালনার দায়িত্ব পালন করেন সাধারণ সম্পাদক ড: আনিছুল আফছার। স্বাগত বক্তব্যে সভাপতি ড. আবু ওমর ফারুক আহম্মদ সংগঠনের বিভিন্ন সাফল্যের কথা এবং ভবিষ্যতে কিভাবে বৃহত্তর ক্যান্সেলটাউন এলাকায় একটি মসজিদসহ পূর্ণাঙ্গ ইসলামিক কমপ্লেক্স প্রতিষ্ঠা করা যায় তার ওপর আলোকপাত করেন। ড: আনিছুল আফছার বিগত বৎসরের পালিত বিভিন্ন কর্মসূচী উপস্থিত সদস্য/সদস্যাদের নিকট উপস্থাপনা করেন। ইসলামিক কর্মসূচী পালনে সহায়তার জন্য তিনি সকলকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে আরও সহযোগিতা কামনা করেন।

সংগঠনের কোষাধ্যক্ষ ড. আবুল কাশেম গত বৎসরের আর্থিক বিবরণী পেশ করেন। তিনি জানান, বর্তমানে সংগঠনের আর্থিক সদস্য সংখ্যা হল ২৩১ জন, এর মধ্যে লাইফ মেম্বার হচ্ছে ১৬ জন। সংগঠনের প্রস্তাবিত কমপ্লেক্স সেন্টারের রূপরেখা এবং আর্থিক ব্যয় প্রজেক্টের মাধ্যমে সুন্দরভাবে উপস্থাপন করেন সংগঠনের সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার। তিনি জানান, বৃহত্তর ক্যান্সেলটাউন এলাকায়, ইঙ্গেলবার্গ এবং হোলসওয়ার্ডির মধ্যবর্তী কোন স্থানে এ কমপ্লেক্স তৈরী করা হবে। মাল্টি পারপাস হল, নামাজের রুম, মহিলাদের জন্য আলাদা নামাজ ও বিভিন্ন কাজের রুম, অত্যাধুনিক ইসলামিক লাইব্রেরী এবং এর সাথে কম্পিউটার রিসোর্স সেন্টার, আল কুরআন শিক্ষার স্থান এবং কমিউনিটি কাউন্সিল সেন্টার, ফিউনারেল সার্ভিসেস, স্পোর্টস সেন্টার, জিমনেসিয়াম, কার পার্ক ও গার্ডেন সম্বলিত কমপ্লেক্সটি ধাপে ধাপে তৈরী করা হবে। তিন ধাপে এই কমপ্লেক্স তৈরী করতে ব্যয় ধরা হয়েছে A\$ 3,530,000.

আর্থিক বিবরণী পেশ করার পর সংগঠনের সংবিধানের বিভিন্ন ধারা সংশোধনের জন্য অনুরোধ করেন সহ সভাপতি ড. মোশারফ চৌধুরী। উপস্থিত সদস্যরা কমপ্লেক্স সেন্টার সম্পর্কে বিভিন্ন প্রশ্ন করেন এবং এ সম্পর্কে মূল্যবান মতামত ব্যক্ত করেন। ক্যান্সেলটাউন ইসলামিক ফোরামের আখতার হোসেন বাদল, জনাব আলাউদ্দিন, বঙ্গবন্ধু পরিষদ অষ্ট্রেলিয়ার সভাপতি আবদুল জলিল, বাংলাদেশ এসোসিয়েশন অব অষ্ট্রেলিয়ার অধীনস্থ বাংলা স্কুলের প্রাক্তন সভাপতি মোতাহার হোসেন, ক্যান্সেলটাউন বাংলা স্কুলের সহ সভাপতি মাসুদ চৌধুরী, প্রাক্তন ছাত্রনেতা আবুল হোসেন সরকার সহ

অনেকে প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহন করেন। এ ছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ক্যান্সেলটাউন বাংলাদেশ ওয়েলফেয়ার সোসাইটির ইকবাল ফারুক, মো. জাকারিয়া, মাইনুল ইসলাম চৌধুরী, মো. মহিউদ্দিন সহ প্রমুখ। বর্তমান ও নতুন প্রজন্মদের জন্য অত্যাধুনিক এ কমপ্লেক্স তৈরীর জন্য কমিউনিটির বিভিন্ন স্তর থেকে আন্তরিক সহযোগিতা ও সাহায্য কামনা করেছেন সভাপতি ড. আবু ওমর ফারুক আহম্মদ ও সাধারণ সম্পাদক ড. আনিছুল আফছার। মাগরিবের নামাজের পর এ প্রকল্পের সাফল্য কামনা করে বিশেষ দোয়া পরিচালনা করেন সভাপতি ড. ফারুক আহম্মদ। সবশেষে সৌজন্যমূলক হালকা নাস্তার ব্যবস্থা করা হয়। বিপুল সংখ্যক সদস্য/সদস্যা বার্ষিক সাধারণ সভায় উপস্থিত ছিলেন।



প্রশ্নের উত্তর দিচ্ছেন সভাপতি ড. আবু ওমর ফারুক আহম্মদ



সংবিধান সংশোধনের অনুমতি চেয়ে বক্তব্য রাখছেন ড. মোশারফ চৌধুরী



উপস্থিত সদস্যদের একাংশ



প্রস্তাবিত প্রকল্প প্রজেক্টে ব্যাখ্যা করছেন ড. আনিছুল আফছার

রিপোর্ট এবং ছবি - অস্ট্রেলিয়ান মুসলিম ওয়েলফেয়ার সেন্টার